

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সমুদ্র পরিবহণ অধিদপ্তর  
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)  
ঢাকা-১০০০

০১৮.১৭০.৪১৩.০১৮.০০.০৪.২০১০/৫ ৪৮২


তারিখ : ২৫/১০/২০২১

### অফিস আদেশ

সার্ভে সনদ প্রাপ্তিতে বিলম্ব পরিহার এবং বিধিসম্মতভাবে সার্ভে সনদ জারীর নিমিত্তে এখন থেকে নিম্নলিখিত  
টি অনুসরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো :

- ১) প্রতিটি সার্ভে অফিস থেকে নৌযান সার্ভের পর ১৫(পনের) দিনের মধ্যে ঘোষণাপত্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে ।
- ২) নৌযান সার্ভের নিমিত্তে মালিক কর্তৃক আবেদনপত্র পত্র পাওয়ার সময় নির্ধারিত শ্বেডের মাস্টার-ড্রাইভার নিয়োগ করা হয়েছে কিনা সকল সার্ভেয়ার তা নিশ্চিত করবেন ।
- ৩) যে সকল নৌযানের ক্ষেত্রে সনদধারী মাস্টার-ড্রাইভার রাখা থেকে সাময়িকভাবে অব্যাহতি প্রদান করা হয়েছে সে সকল নৌযান পরিচালনাকারীদের নৌযান সার্ভের সময় ডিসপেনসেশন প্রদান করে সার্ভে ঘোষণাপত্র প্রেরণ করতে হবে । "ডিসপেনসেশন সনদ প্রয়োজন" মর্মে সার্ভে ঘোষণাপত্র প্রেরণ করা যাবে না ।
- ৪) যাত্রীবাহী লঞ্চে সনদধারী মাস্টার-ড্রাইভার নিয়োগ নিশ্চিত করে ঘোষণা পত্র প্রেরণ করতে হবে ।
- ৫) নৌযান সার্ভের পর ঘোষণাপত্রের সাথে মূল সার্ভে সনদ (মালিকের কপি) প্রদান কার্যালয়ে প্রেরণ করতে হবে ।
- ৬) মুখ্য পরিদর্শক সংশ্লিষ্ট কাগজপত্র যাচাই করে সার্ভে সনদসহ নথি প্রিন্সিপাল সার্ভেয়ার(ইসা) ও চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার বরাবরে পেশ করবেন । যাচাইকালে কোন ত্রুটি পরিলক্ষিত হলে প্রিন্সিপাল সার্ভেয়ার(ইসা) তা সংশ্লিষ্ট কার্যালয়ে ফেরত পাঠাবেন ।
- ৭) চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার মহাপরিচালকের পক্ষে সার্ভে সনদে স্বাক্ষর করবেন ।
- ৮) সার্ভে সনদ স্বাক্ষরের পর স্বাক্ষরিত সনদ স্ব-স্ব সার্ভে অফিসে প্রেরণ করা হবে । মালিকগণ সংশ্লিষ্ট কার্যালয় হতে সার্ভে সনদ সংগ্রহ করবেন ।

এ আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে ।

  
( কমন্ডার জে.আই.আর. আহমদ, এনডিসি, বিএন )  
মহাপরিচালক

বিতরণ :

- ১। চীফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, সমুদ্র পরিবহণ অধিদপ্তর, ঢাকা
- ২। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয়, ঢাকা/নারায়নগঞ্জ/বরিশাল/খুলনা/চট্টগ্রাম ।
- ৩। মুখ্য পরিদর্শক, অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়, সমুদ্র পরিবহণ অধিদপ্তর, ঢাকা ।
- ৪। পরিদর্শক, অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয়, সমুদ্র পরিবহণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ।